



অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 4/13/2025

গভর্নর ক্যাথি হোকল

গভর্নর হোকল সাবেক রিপ্রেজেন্টেটিভ জন লাফালসের সম্মানে পতাকা অর্ধনমিত রাখার নির্দেশ দিলেন

14 এপ্রিল, সোমবার, পুরো নিউ ইয়র্ক স্টেটের ফ্যাসিলিটিগুলিতে পতাকা অর্ধনমিত রাখা হবে

গভর্নর Kathy Hochul (ক্যাথি হোকল) আজকে ঘোষণা করেছেন যে নিউ ইয়র্ক স্টেটের (New York State) সাবেক রিপ্রেজেন্টেটিভ John LaFalce-এর (জন লাফালসে) সম্মানে 14 এপ্রিল, সোমবার, সূর্যোদয় থেকে সূর্যাস্ত পর্যন্ত স্টেটের ভবনগুলিতে পতাকা অর্ধনমিত রাখা হবে।

"আমার ক্যারিয়ারে John LaFalce-এর (জন লাফালসে) একটি বড় প্রভাব আছে, একটি বড় DC ফার্ম থেকে তিনি আমাকে তার লেজিস্লেটিভ কাউন্সেল হিসেবে কাজ করার জন্য নিযুক্ত করেন এবং আমাকে আজীবনের জন্য সরকারি চাকরির পথে নিয়ে আসেন," **গভর্নর Hochul (হোকল) বলেন।** "তিনি ছিলেন ওয়েস্টার্ন নিউ ইয়র্কের (Western New York) একজন সত্যিকারের চ্যাম্পিয়ন, এবং John (জন) তার নাগরিকদের ব্যাপারে গভীরভাবে ভাবতেন এবং তার প্রিয় ডিস্ট্রিক্টে রূপান্তরকারী প্রজেক্ট নিয়ে আসতে তিনি নিরলসভাবে কাজ করেছেন। তার স্ত্রী Pat (প্যাট), তার ছেলে Martin (মার্টিন), এবং তাকে ভালোবাসে এমন সকলের প্রতি আমার সমবেদনা রইলো।"

John (জন) 1971 সালে নিউ ইয়র্ক স্টেট সিনেটে (New York State Senate) নিজের প্রথম নির্বাচনে বিজয়ী হন, এরপর তিনি 1973 সালে স্টেটের অ্যাসেম্বলিতে (State Assembly) চলে যান। এরপর তিনি ইউনাইটেড স্টেটসের (United States, U.S.) হাউজ অফ রিপ্রেজেন্টেটিভসের (House of Representatives) নির্বাচনে বিজয়ী হন যেখানে তিনি 1975 থেকে 2003 সালের মধ্যে তিনটি ডিস্ট্রিক্টের জন্য দায়িত্ব পালন করেন।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে
টেক্সট পাঠান

[আনসাবস্কাইব করুন](#)